রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৫, ২০২৪

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

## পেট্রোবাংলায় গবেষণা ও উন্নয়নের জন্য উৎপাদন বণ্টন চুক্তি'র (পিএসসি) আওতায় প্রাপ্ত ফি ব্যবহার নীতিমালা, ২০২৪

### ভূমিকা

২৬ মার্চ, ১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং ২৭ এর মাধ্যমে দেশের তেল, গ্যাস ও খনিজ সম্পদ অনুসন্ধান ও উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ খনিজ, তৈল ও গ্যাস করপোরেশন (বিএমওজিসি) গঠিত হয়, যা পরবর্তীতে 'পেট্রোবাংলা' নামে সংক্ষিপ্ত নামকরণ করা হয়। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের পাশাপাশি আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)সমূহ উৎপাদন বণ্টন চুক্তি (পিএসসি) এর আওতায় তেল গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন কর্মকাণ্ড পরিচালনা করে থাকে। তবে দেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা নিরসনে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ ও আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)সমূহ কর্তৃক আহরিত ভূতাত্ত্বিক, ভূপদার্থিক ও উৎপাদন সংক্রান্ত তথ্য পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও গবেষণাপূর্বক রিজার্ভয়ার ব্যবস্থাপনা শক্তিশালীকরণের লক্ষ্যে ও দক্ষ জনবল তৈরীর উদ্দেশ্যে গবেষণা সম্পাদন অত্যাবশ্যক। বর্তমানে উৎপাদন বণ্টন চুক্তির আওতায় উৎপাদিত পেট্রোলিয়াম হতে আইওসিসমূহ তাদের লভ্যাংশের উপর চুক্তিতে নির্ধারিত হারে বছরান্তে Research and Development Fee পেট্রোবাংলায় জমা প্রদান করে। জ্বালানি খাতের গবেষণা, উদ্ভাবন, উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে পেট্রোবাংলার উক্ত Research and Development Fee সঠিকভাবে ব্যবহারের জন্য একটি নীতিমালা প্রয়োজন। সে লক্ষ্যে "পেট্রোবাংলায় গবেষণা ও উন্নয়নের জন্য উৎপাদন বণ্টন চুক্তি'র (পিএসসি) আওতায় প্রাপ্ত ফি ব্যবহার নীতিমালা, ২০২৪" প্রণয়ন করা হলো:

**১.১ শিরোনাম** এই নীতিমালা বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন পেট্রোবাংলা এর "পেট্রোবাংলায় গবেষণা ও উন্নয়নের জন্য উৎপাদন বণ্টন চুক্তি'র (পিএসসি) আওতায় প্রাপ্ত ফি ব্যবহার নীতিমালা, ২০২৪" নামে অভিহিত হবে।



**মূল্য :** টাকা ২০.০০

**১.২ সংজ্ঞা**

**পেট্রোবাংলা:** পেট্রোবাংলা দ্বারা রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশনকে বোঝাবে।

**গবেষণা:** গবেষণা বলতে অনুচ্ছেদ ৪ এ বর্ণিত গবেষণা ফি ব্যবহারের ক্ষেত্রসমূহের আওতায় জ্ঞানের পরিধি বৃদ্ধির লক্ষ্যে সম্পর্কিত সৃজনশীল ও পদ্ধতিগত কাজ।

**উন্নয়ন:** উন্নয়ন বলতে গবেষণার জন্য বরাদ্দ ফি ব্যবহার করে সার্বিকভাবে জ্বালানি খাতে দেশের উন্নয়নকে বোঝাবে।

**নীতিমালা:** নীতিমালা বলতে পেট্রোবাংলার গবেষণা ও উন্নয়ন এর লক্ষ্যে প্রাপ্ত ফি ব্যবহারের নিয়ামাবলীকে বোঝাবে।

**জ্বালানি সম্পদ**: জ্বালানি বলতে প্রাকৃতিক গ্যাস ও তেলকে বোঝাবে।

**খনিজ সম্পদ:** খনিজ সম্পদ বলতে কয়লা, কঠিন শিলা এবং চুনাপাথর প্রভৃতিকে বোঝাবে।

**কোম্পানি:** কোম্পানি বলতে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহকে বোঝাবে।

**আইওসি:** আইওসি বলতে ইন্টারন্যাশনাল ওয়েল কোম্পানি বা আন্তর্জাতিক তেল কোম্পানিসমূহকে বোঝাবে।

**পিএসসি:** পিএসসি বলতে প্রোডাকশন শেয়ারিং কন্ট্রাক্ট (উৎপাদন বণ্টন চুক্তি) কে বোঝাবে, যা পেট্রোবাংলার সাথে আইওসির মধ্যে স্বাক্ষরিত চুক্তি।

**অনুসন্ধান:** অনুসন্ধান বলতে প্রাকৃতিক গ্যাস তেল ও খনিজ সম্পদ অনুসন্ধানের বিভিন্ন প্রক্রিয়া যেমন ভূতাত্ত্বিক, ভূপদার্থিক, ফিল্ড সার্ভে ইত্যাদি বোঝাবে।

**উন্নয়ন ও উত্তোলন:** উন্নয়ন ও উত্তোলন বলতে অনুসন্ধান পরবর্তী প্রাকৃতিক গ্যাস, তেল ও অন্যান্য খনিজ সম্পদ প্রাপ্তি সাপেক্ষে উক্ত গ্যাস, তেল বা গ্যাস ক্ষেত্র উন্নয়ন এবং উত্তোলনের ব্যবস্থা গ্রহণকে বোঝাবে।

**পেট্রোলিয়াম:** পেট্রোলিয়াম বলতে ভূগর্ভস্থ প্রাকৃতিক গ্যাস বা তেলকে বোঝাবে।

**ভূতাত্ত্বিক তথ্য**: ভূতাত্ত্বিক তথ্য বলতে খনন এর পূর্বে নির্বাচিত এলাকার সকল তথ্য, খননের পরে কূপসমূহের বিভিন্ন লগ, ওয়েল রিপোর্ট, কমপ্লিশন রিপোর্ট ইত্যাদি তথ্যসমূহকে বোঝাবে।

**ভূপদার্থিক তথ্য**: ভূপদার্থিক তথ্য বলতে কূপ খননের জন্য সাইসমিক সার্ভে হতে আহরিত, প্রক্রিয়াকৃত এবং বিশ্লেষনকৃত তথ্যকে বোঝাবে।

**উৎপাদন:** উৎপাদন বলতে গ্যাস অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত প্রাকৃতিক গ্যাস, তেল মাটির নীচ হতে উত্তোলনের মাধ্যমে ব্যবহারের উপযোগীকরণ প্রক্রিয়াকে বোঝাবে।

**বিতরণ:** বিতরণ বলতে উৎপাদিত গ্যাস উৎস হতে বিভিন্ন স্থলে সরবরাহ করাকে বোঝাবে।

**কেন্দ্রীয় তথ্য ব্যবস্থাপনা সিস্টেম:** কেন্দ্রীয় তথ্য ব্যবস্থাপনা সিস্টেম বলতে পেট্রোবাংলার ও এর আওতাধীন সংশ্লিষ্ট কোম্পানির কারিগরি তথ্যাদি কেন্দ্রীয়ভাবে সংগ্রহ, সংরক্ষণ ও ব্যবস্থাপনাকে বোঝাবে।

**অবকাঠামো:** প্রয়োজনীয় অবকাঠামো বলতে পেট্রোবাংলার নির্দিষ্ট স্থানে তেল, গ্যাস অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন গবেষণার জন্য স্থান সংকুলানসহ কক্ষ নির্মাণ এবং অন্যান্যকে বোঝাবে।

**হার্ডওয়্যার :** হার্ডওয়্যার বলতে প্রয়োজনীয় ওয়ার্কস্টেশন, কম্পিউটার ও সংশ্লিষ্ট সহায়ক সকল যন্ত্রাংশকে বোঝাবে।

**সফটওয়্যার:** সফটওয়্যার বলতে জ্বালানি ও খনিজ সম্পদ খাতে অনুসন্ধান, উন্নয়ন ও উত্তোলন গবেষণার বর্তমানে বিদ্যমান সফটওয়্যার এর লাইসেন্স মেইন্টেন্যান্স এবং প্রয়োজনে নতুন সফটওয়্যার ক্রয়কে বোঝাবে।

**বিশেষজ্ঞ:** বিশেষজ্ঞ বলতে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/কোম্পানির অভিজ্ঞ বর্তমান অথবা অবসরপ্রাপ্ত কর্মকর্তা এবং প্রয়োজনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকমন্ডলীকে বোঝাবে।

**দক্ষতা বৃদ্ধি**: জ্বালানি চাহিদা নিরসনে কাজের সক্ষমতা বৃদ্ধিকে বোঝাবে।

**সমঝোতা স্মারক (Memorandum of Understanding-MoU):** সমঝোতা স্মারক বলতে গবেষণা পরিচালনার লক্ষ্যে পেট্রোবাংলা এবং গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে নির্দিষ্ট শর্ত সাপেক্ষে সমঝোতার ভিত্তিতে নির্দিষ্ট সময়ের জন্য স্মারক স্বাক্ষর করাকে বোঝাবে।

**২। গবেষণা ও উন্নয়ন ফি এর উৎস:**

২.১। আন্তর্জাতিক তেল কোম্পানিসমূহের সাথে স্বাক্ষরিত উৎপাদন বণ্টন চুক্তি (পিএসসি) এর আওতায় প্রাপ্ত Research and Development Fee

২.২। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ কর্তৃক প্রতি বছর নির্ধারিত হারে Research and Development Fee বাবদ জমাকৃত অর্থ।

২.৩। অন্যান্য উৎস।

**৩। নীতিমালা প্রণয়নের উদ্দেশ্য:**

ক) দেশের বর্তমান ক্রমবর্ধমান জ্বালানি চাহিদা নিরসনে পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ ও আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)সমূহ কর্তৃক আহরিত ভূতাত্ত্বিক, ভূপদার্থিক ও উৎপাদন সংক্রান্ত তথ্য পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও গবেষণাপূর্বক রিজার্ভয়ার ব্যবস্থাপনা শক্তিশালীকরণের লক্ষ্যে আধুনিক প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে নতুন নতুন গ্যাস/তেল ক্ষেত্র আবিষ্কার ও গ্যাসের মজুদ বৃদ্ধি;

খ) জ্বালানি খাতে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে সংশ্লিষ্ট কারিগরি বিষয়ে অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ, 2D/3D/Multiclient Seismic Survey ও ফিল্ড ভিজিটের আয়োজন;

গ) জ্বালানি খাতের গবেষণা, উদ্ভাবন, উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে দেশীয়/বিদেশী বিশেষজ্ঞদের সমন্বয়ে সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপের আয়োজন; এবং

ঘ) জ্বালানি খাতের উন্নয়নে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগসমূহের সাথে সমঝোতা স্মারক (সংযুক্তি ১) এর আওতায় জ্বালানি বিষয়ে গবেষণার ক্ষেত্রে নতুন নতুন সম্ভাবনার ক্ষেত্র উন্মোচন।

**৪। গবেষণা ও উন্নয়ন ফি ব্যবহারের ক্ষেত্র:**

৪.১। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ ও আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)সমূহ কর্তৃক আহরিত ভূতাত্ত্বিক, ভূপদার্থিক ও উৎপাদন সংক্রান্ত তথ্য পর্যবেক্ষণ, বিশ্লেষণ ও গবেষণাপূর্বক রিজার্ভয়ার ব্যবস্থাপনা শক্তিশালীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় হার্ডওয়্যার, সফটওয়্যার, লাইসেন্স ক্রয় ও নবায়ন এবং সর্বাধুনিক প্রযুক্তির ব্যবহার;

৪.২। পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ ও আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)সমূহ কর্তৃক আহরিত ভূতাত্ত্বিক, ভূপদার্থিক এবং উৎপাদন ও বিপণন তথ্য/ডাটা সংরক্ষণ, কেন্দ্রীয় ডাটা ব্যবস্থাপনা আধুনিকায়নের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ এবং প্রয়োজনীয় হার্ডওয়্যার, সফটওয়্যার ও লাইসেন্স ক্রয় ও নবায়ন;

৪.৩। জ্বালানি খাতের গবেষণা, উদ্ভাবন, উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে অভ্যন্তরীণ ও বৈদেশিক প্রশিক্ষণ, ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়াম ও মাঠ পরিদর্শন আয়োজন; এক্ষেত্রে পেট্রোবাংলার পরিচালনা পর্ষদ কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত হারে রিসোর্স পার্সনদের সম্মানী প্রদান;

৪.৪। পেট্রোবাংলা ও সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠান/বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় জ্বালানি বিষয়ে গবেষণা;

৪.৫। তেল, গ্যাস ও খনিজ সম্পদ অনুসন্ধান, উন্নয়ন ও গ্যাস সরবরাহ সংক্রান্ত গবেষণা;

৪.৬। জ্বালানি দক্ষতা, সাশ্রয় ও সংরক্ষণের লক্ষ্যে সরঞ্জামাদির উন্নয়ন সংক্রান্ত গবেষণা।

**৫। প্রস্তাব দাখিল:**

৫.১। এ নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে জ্বালানি খাতে গবেষণা, উদ্ভাবন, উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে পেট্রোবাংলার যে কোনো প্রস্তাব চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর দাখিল করতে হবে। প্রস্তাবের সাথে যৌক্তিকতা, কর্মপরিকল্পনা, প্রয়োজনীয় অর্থের পরিমাণ ইত্যাদি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফরম্যাট (সংযুক্তি ২) অনুযায়ী দাখিল করতে হবে।

৫.২। পেট্রোবাংলা ও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের আওতায় জ্বালানি বিষয়ে গবেষণা প্রস্তাবের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের মাধ্যমে চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর দাখিল করতে হবে। প্রস্তাবের সাথে গবেষণার যৌক্তিকতা, কর্মপরিকল্পনা, প্রয়োজনীয় অর্থের পরিমাণ এবং বিস্তারিত বিবরণ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার ওয়েবসাইটে আপলোডকৃত নির্ধারিত ফরম্যাট (সংযুক্তি ২) অনুযায়ী দাখিল করতে হবে।

৫.৩। গবেষণা প্রস্তাব আহ্বানের পর প্রস্তাব দাখিলের নির্ধারিত সময়সীমা হবে সর্বোচ্চ ১ (এক) মাস।

৫.৪। গবেষণা প্রস্তাব দাখিলের পাশাপাশি একজন গবেষক/গবেষণা দলের সদস্যগণ সর্বোচ্চ ৩ (তিন) জন তাদের জাতীয় পরিচয়পত্র ও ২ কপি পাসপোর্ট সাইজের ছবি দাখিল করবেন।

৫.৫। গবেষক/গবেষণা দলের যোগ্যতা: বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। পেট্রোবাংলা/ সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি প্রতিষ্ঠানের স্থায়ী কর্মকর্তা বা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/শিক্ষার্থী হতে হবে। রাষ্ট্রবিরোধী কর্মে নিয়োজিত কিংবা মামলা/ বিভাগীয় মামলা চলমান রয়েছে এমন ব্যক্তি/প্রতিষ্ঠান গবেষণার অযোগ্য বলে বিবেচিত হবে।

৫.৬। সমঝোতা স্মারক স্বাক্ষর হয়নি এমন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীগণ বিএসসি/ মাস্টার্স/ পিএইচডি ডিগ্রী থিসিস/প্রজেক্ট এর যেসব প্রস্তাব পেট্রোবাংলা বরাবর দাখিল করে থাকে সেসব প্রস্তাব গবেষণা প্রস্তাব হিসেবে বিবেচিত হবে না।

**৬। প্রস্তাব আহ্বান, বাছাই ও তদারকি সংক্রান্ত স্থায়ী কমিটি:**

৬.১। জ্বালানি খাতে গবেষণা, উদ্ভাবন, উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধি সম্পর্কিত প্রস্তাব আহ্বান, বাছাই ও তদারকির জন্য নিম্নোক্তভাবে একটি স্থায়ী কমিটি গঠিত হবে:

| | |
|---|---|
| ক) পরিচালক (পিএসসি), পেট্রোবাংলা | আহ্বায়ক |
| খ) মহাব্যবস্থাপক (ডেভেলপমেন্ট এন্ড প্রডাকশন) পেট্রোবাংলা | সদস্য |
| গ) মহাব্যবস্থাপক (কন্ট্রাক্ট) পেট্রোবাংলা | সদস্য |
| ঘ) মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড মনিটরিং) পেট্রোবাংলা | সদস্য |
| ঙ) মহাব্যবস্থাপক (অনুসন্ধান) পেট্রোবাংলা | সদস্য |
| চ) মহাব্যবস্থাপক (প্রশাসন) পেট্রোবাংলা | সদস্য |
| ছ) মহাব্যবস্থাপক (হিসাব) পেট্রোবাংলা | সদস্য |
| জ) মহাব্যবস্থাপক (ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট), পেট্রোবাংলা | সদস্য |
| ঝ) মহাব্যবস্থাপক (রিজার্ভয়ার এন্ড ডাটা ম্যানেজমেন্ট) পেট্রোবাংলা | সদস্য |
| ঞ) মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন) পেট্রোবাংলা | সদস্য |
| চ) উপ মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক রিজার্ভয়ার এন্ড ডাটা ম্যানেজমেন্ট পেট্রোবাংলা। | সদস্য সচিব |

৬.২। **কমিটির কার্যপরিধি:**

ক) পেট্রোবাংলার প্রস্তাবের ক্ষেত্রে স্থায়ী কমিটি প্রতি অর্থ বছরের শুরুতে (জুলাই মাসে) প্রস্তাব আহ্বান করবে;

খ) পেট্রোবাংলা ব্যতিরেকে অন্যান্য গবেষণার ক্ষেত্রে স্থায়ী কমিটি প্রতি ২ (দুই) বছর পর পর বছরের শুরুতে (জানুয়ারী মাসে) প্রস্তাব আহ্বান করবে;

গ) গবেষণা ও উন্নয়ন ফান্ড খাতে পূর্ববর্তী বছর পর্যন্ত জমাকৃত (স্থিতি) অর্থের পরিমাণ বিবেচনা করে কমিটি প্রাপ্ত প্রস্তাবসমূহ যাচাই বাছাইপূর্বক সুপারিশসহ প্রতিবেদন চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর দাখিল করবে। পেট্রোবাংলা ব্যতিরেকে অন্যান্য প্রতিষ্ঠানের গবেষণার ক্ষেত্রে স্থায়ী কমিটি উক্ত বছরে যাচাই বাছাইপূর্বক সর্বোচ্চ ২টি প্রস্তাব সুপারিশসহ প্রতিবেদন চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর দাখিল করবে

ঘ) গবেষণা প্রস্তাবের বিপরীতে দাখিলকৃত প্রয়োজনীয় অর্থের যৌক্তিকতা যাচাই করবে এবং প্রয়োজনে তা পুন:নির্ধারণ করতে পারবে;

ঙ) কমিটি পেট্রোবাংলার পরিচালনা পর্ষদে উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

চ) পরিচালনা পর্ষদের অনুমোদন লাভের পর কমিটি সংশ্লিষ্টদের অবহিত করবে;

ছ) গবেষণা মূল্যায়ন কমিটি (অনুচ্ছেদ ৮) গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে

জ) কমিটি গবেষণা/উন্নয়ন কার্যক্রমের বাস্তবায়ন তদারকি করবে;

ঝ) কমিটি গবেষণা/উন্নয়ন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও অর্থ ছাড়ের সুপারিশ করবে;

ঞ) গবেষণালব্ধ ফলাফল সংশ্লিষ্ট পরিদপ্তর/বিভাগ কে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ট) গবেষণা প্রতিবেদনসমূহ সংস্থার লাইব্রেরিতে সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ঠ গবেষণালব্ধ ফলাফল বহুল প্রচারের লক্ষ্যে সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে

ড) কমিটি দলীয় গবেষণার ক্ষেত্রে গবেষণা দলের কোন সদস্য পরিবর্তন প্রয়োজন হলে যাচাই বাছাই পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে

ঢ) পেট্রোবাংলার কোন গবেষক/গবেষণা দল Research and Development Fee ব্যবহার করে গবেষণা/তথ্য উপাত্ত সংগ্রহের সময় অথবা প্রয়োজনীয় ভ্রমণকাল তার/তাদের Service Period এর অন্তর্ভূক্তকরণের নিমিত্ত যথাযথ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করবে।

**৭। প্রস্তাব অনুমোদন:**

৭.১। স্থায়ী কমিটি'র সুপারিশের ভিত্তিতে প্রস্তাবসমূহ পেট্রোবাংলার পরিচালনা পর্ষদ চূড়ান্ত অনুমোদন করবে।

৭.২। অনুমোদিত প্রস্তাবসমূহের তালিকা জ্বালানি ও খনিজসম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার ওয়েবসাইটে প্রকাশ করা হবে। পাশাপাশি গবেষক/গবেষণা দলকে পত্র/ই মেইল মারফত অবগত করা হবে।

৭.৩। গবেষণা প্রস্তাব অনুমোদনের পর পেট্রোবাংলার নির্ধারিত ফরম্যাট অনুযায়ী গবেষক/ গবেষণা দল অর্থ গ্রহণ/ব্যবহারের জন্য একটি চুক্তিপত্র/অঙ্গীকারনামা (সংযুক্তি ৩) স্বাক্ষর করবে।

**৮। গবেষণা মূল্যায়ন কমিটি:**

অনুমোদিত গবেষণা প্রস্তাবসমূহের বিষয়বস্তুর উপর ভিত্তি করে গবেষণা কার্যক্রম মূল্যায়নের জন্য সংস্থার একজন পরিচালক এর নেতৃত্বে ৮ (আট) সদস্য বিশিষ্ট পৃথক গবেষণা মূল্যায়ন কমিটি নিম্নোক্তভাবে গঠন করতে হবে

| | |
|---|---|
| ক) পরিচালক, পেট্রোবাংলা | আহ্বায়ক |
| খ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| গ) অর্থ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ঘ) পরিকল্পনা বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ঙ) গবেষণা বিষয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মনোনীত বিশেষজ্ঞ | সদস্য |
| চ) ইউজিসি হতে মনোনীত প্রতিনিধি | সদস্য |
| ছ) পেট্রোবাংলার আওতাধীন গবেষণা বিষয়ে সংশ্লিষ্ট কোম্পানির প্রতিনিধি | সদস্য |
| জ) পেট্রোবাংলার সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা | সদস্য সচিব |

গবেষণা মূল্যায়ন কমিটির কার্যপরিধি হবে নিম্নরূপ:

ক) কমিটি গবেষক/গবেষণা দল কর্তৃক দাখিলকৃত মধ্যবর্তী গবেষণা প্রতিবেদন Mid-term Report মূল্যায়ন করতঃ গবেষক/গবেষণা দল কে প্রয়োজনীয় উপদেশ প্রদান করবে।

খ) কমিটি গবেষক/গবেষণা দল কর্তৃক দাখিলকৃত মধ্যবর্তী গবেষণা প্রতিবেদন Mid-term Report এর গ্রহণযোগ্যতার বিষয়ে সুনির্দিষ্ট মতামত স্থায়ী কমিটি বরাবর দাখিল করবে।

গ) কমিটি গবেষক/গবেষণা দল কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত খসড়া গবেষণা প্রতিবেদন Final Draft Report মূল্যায়ন করতঃ গবেষক/গবেষণা দল কে প্রয়োজনীয় উপদেশ প্রদান করবে।

ঘ) কমিটি গবেষক/গবেষণা দল কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত গবেষণা প্রতিবেদন (Final Report) এর গ্রহণযোগ্যতার বিষয়ে সুনির্দিষ্ট মতামত স্থায়ী কমিটি বরাবর দাখিল করবে।

**৯। গবেষণা ও উন্নয়ন ফি ব্যবহারের সীমা:**

পূর্ববর্ণিত উপ অনুচ্ছেদ ৪.১ ও ৪.২ ব্যতীত অন্যান্য একক গবেষণা/কার্যক্রম এর ক্ষেত্রে সর্বোচ্চ ১০ (দশ) লক্ষ টাকা এবং দলীয়/প্রাতিষ্ঠানিক গবেষণার ক্ষেত্রে ফি ব্যবহারের সর্বোচ্চ সীমা হবে ২০ (বিশ) লক্ষ টাকা।

**১০। গবেষণার সময়সীমা:**

গবেষণা প্রস্তাব অনুমোদনের আদেশ জারীর তারিখ হতে সর্বোচ্চ ০২ (দুই) বছর। সময় বর্ধিত করার প্রয়োজন হলে গবেষণা সম্পাদনের অনুমোদিত সময়সীমা সমাপ্ত হবার ন্যূনতম ৩ মাস পূর্বে যথাযথ কারণ উল্লেখপূর্বক আবেদন করতে হবে যা অনুচ্ছেদ ৬ এ বর্ণিত কমিটির মূল্যায়ন সাপেক্ষে পুনঃঅনুমোদিত হবে।

**১১। গবেষণা প্রতিবেদন দাখিল:**

১১.১। মধ্যবর্তী গবেষণা প্রতিবেদন এবং চূড়ান্ত গবেষণা প্রতিবেদন নির্ধারিত সময়সীমার মধ্যে চেয়ারম্যান, পেট্রোবাংলা বরাবর দাখিল করতে হবে।

১১.২। গবেষণা প্রতিবেদনের ভাষা হবে বাংলা অথবা ইংরেজি।

১১.৩। গবেষণা প্রতিবেদন ৩ কপি (বাধাইকৃত) এবং সফটকপি আকারে দাখিল করতে হবে। গবেষণা প্রতিবেদন দাখিলের পর গবেষণালব্ধ ফলাফল এর সারসংক্ষেপ সেমিনার আয়োজন করে গবেষণা মূল্যায়ন কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট বিষয়ে অংশীজনের উপস্থিতিতে উপস্থাপন করতে হবে।

১১.৪। একজন গবেষক/গবেষণা দল সর্বোচ্চ ১টি গবেষণায় সংযুক্ত হতে পারবে।

১১.৫। গবেষণা প্রস্তাব গৃহীত ও অনুমোদিত হলে কোন গবেষক/গবেষণা দল সময়মত গবেষণা শুরু করতে সক্ষম না হলে গবেষণার শুরুর অনুমোদিত সময়ের ৩ মাস পূর্বে যথাযথ কারণ উল্লেখপূর্বক প্রস্তাব দাখিল কমিটিকে অবগত করতে হবে, অন্যথায় পরবর্তী ৩ বছরের জন্য গবেষণা প্রস্তাব দাখিলে বিধি নিষেধ আরোপিত হবে। এক্ষেত্রে অনুমোদন পরবর্তী গৃহীত (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থের সমপরিমাণ অর্থ আবশ্যিকভাবে যথাযথ কর্তৃপক্ষের নিকট ফেরত প্রদান করতে হবে। চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের plagiarism পরীক্ষার ফলাফল আন্তর্জাতিক মানদন্ড হিসাবে ২০% এর মধ্যে থাকতে হবে।

১১.৬ গবেষণার স্বত্ত Copyright) পেট্রোবাংলার অধীন থাকবে।

১১.৭ গবেষণালব্ধ ফলাফল গবেষণা মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়িত হবে।

**১২। আর্থিক ব্যবস্থাপনা:**

১২.১। উপ অনুচ্ছেদ ৪.১ ও ৪.২ এ বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে অবকাঠামো নির্মাণ এবং প্রয়োজনীয় হার্ডওয়্যার, সফটওয়্যার ও লাইসেন্স ক্রয়ের প্রয়োজন হলে তা সরকারের ক্রয় সংক্রান্ত নীতিমালা অনুযায়ী করতে হবে;

১২.২। গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ ৩ (তিন) কিস্তিতে নিম্নরূপভাবে প্রদান করা হবে:

ক) ১ম কিস্তি (৪০%): পেট্রোবাংলার পরিচালনা পর্ষদ কর্তৃক গবেষণা প্রস্তাব অনুমোদিত হওয়ার পর;

খ) ২য় কিস্তি (৪০%): গবেষণা মূল্যায়ন কমিটি কর্তৃক মধ্যবর্তী গবেষণা প্রতিবেদনের সন্তোষজনক মূল্যায়ন এবং স্থায়ী কমিটির সুপারিশের ভিত্তিতে;

গ) ৩য় কিস্তি (২০%): গবেষণা মূল্যায়ন কমিটি কর্তৃক চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের সন্তোষজনক মূল্যায়ন এবং স্থায়ী কমিটির সুপারিশের ভিত্তিতে

১২.৩। গবেষণার জন্য গবেষক/গবেষণা দল কর্তৃক ব্যয়কৃত অর্থের ভাউচার, রশিদ, ব্যয় বিবরণী ইত্যাদি পেট্রোবাংলায় জমা দিয়ে গৃহীত অগ্রিম সমন্বয় করতে হবে;

১২.৪। নির্ধারিত সময়সীমার মধ্যে গবেষণা প্রতিবেদনসমূহ জমা না দিলে, গবেষণা মূল্যায়ন কমিটি কর্তৃক গবেষণা পরিত্যাজ্য বা বাতিল হলে সংশ্লিষ্ট গবেষণা খাতে গৃহীত সমুদয় অর্থ গবেষক/গবেষণা দল ফেরৎ দিতে বাধ্য থাকবেন;

১২.৫। কোনো গবেষণা কাজের ব্যয়ভার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থাকলে তা যথাসময়ে পেট্রোবাংলাকে ফেরৎ প্রদান করতে হবে;

১২.৬। হিসাব নিরীক্ষাকালে কোন আপত্তি উত্থাপিত হলে তা নিষ্পত্তির দায় গবেষক/গবেষণা দলের উপর বর্তাবে;

১২.৭। দলীয় গবেষণার জন্য বরাদ্দকৃত অর্থ অনুমোদিত হলে গবেষক দলের প্রধান বা তার মনোনীত প্রার্থী প্রদেয় অর্থ গ্রহণ করবে।

**১৩। সম্মানী:**

১৩.১। জ্বালানি খাতের গবেষণা, উদ্ভাবন, উন্নয়ন ও দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যে সেমিনার, সিম্পোজিয়াম ও ওয়ার্কশপে অংশগ্রহণকারী দেশীয় বিশেষজ্ঞদের জন্য চেয়ারম্যান, পেট্রোবাংলা কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রদান করা যাবে;

১৩.২। প্রস্তাব আহ্বান, বাছাই ও তদারকি সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্যগণ বছরে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি সভার জন্য সভা প্রতি ৩,০০০ (তিন হাজার) টাকা করে সম্মানী প্রাপ্ত হবেন;

১৩.৩। গবেষণা মূল্যায়ন কমিটির সদস্যগণ গবেষণা প্রতিবেদনসমূহ মূল্যায়নের লক্ষ্যে বছরে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি সভার জন্য সভা প্রতি ৫,০০০ (পাঁচ হাজার) টাকা করে সম্মানী প্রাপ্ত হবেন।

**১৪। সংশোধন:**

পেট্রোবাংলার স্বার্থে এই নীতিমালা সময় সময় পরিবর্তন/যুগোপযোগী/সংশোধন করা যাবে।

**জনেন্দ্র নাথ সরকার**

চেয়ারম্যান

বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা

**সংযুক্তি ১**

**Memorandum of Understanding (MoU)**

Between

**Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla), Bangladesh**

and

**Name of Institute**

**Preamble**

This Memorandum of Understanding (MoU) is made and entered to on this **(------ Date)** by and between the **(Name of Institute, Address)** and the Bangladesh Oil, Gas and Mineral Corporation (Petrobangla) with a registered address at Petrocenter, 3 Kawran Bazar, Dhaka-1215, Bangladesh. **(Name of Institute)** and Petrobangla are referred to collectively, as “Parties” or individually as “Party”.

**1. Purpose and Scope**

1.1 The Parties recognize the benefits of mutual collaboration, cooperation, participation and interaction to promote increased understanding of state-of-the-art technology, advanced research and knowledge sharing (hereafter, collectively referred to as the "Technology").

1.2 The purpose of this MOU is to define the areas of academic and industrial Technology in which the Parties desire to work together to foster a collaborative framework between **(Name of Institute)** and Petrobangla. This is aimed at benefiting from each other's initiatives and working procedures and to support collaboration among the researchers/expertise of both Parties.

1.3 This MoU sets forth the intentions to develop the following collaborations but not limited to such activities in the academic and industrial areas of mutual interest based on equality and reciprocity:

i. Development of professional skills and expertise.

ii. Facilitate student internships in Petrobangla.

iii. Promote joint research activities in the fields of academic and industrial interests.

iv. Facilitate academic research of university students/teachers by sharing data and sample materials as deemed fit by the Parties.

v. Use of laboratory and software facilities for the members of both Parties for sessional/practical workshops and trainings as mutually agreed.

vi. Jointly organize seminar, conferences or workshops, training on topics of mutual interest.

vii. Facilitate field visits to the drilling site, seismic survey area, gas process plants, and mining area of the Petrobangla.

viii. Exchange of academic and industrial information and materials.

ix. Exchange of Books, Journal, Papers, Research reports, Industrial Manuals, E-Books, Technical Video and Animation, Charts etc.

**2. Data sharing**

2.1 Research/Thesis/Project/Intern Program for differet educational institutions including **(Name of Institute)** using relevant data from Petrobangla is a going program. In this regard, **(Name of Institute)** will allocate a "Co-Supervisor" from Petrobangla. This program will continue.

2.2 Apart from this, data sharing will be specific and case based. Both parties may select specific cases for research activities and take administrative approval from Petrobangla.

Following administrative approval, **(Name of Institute)** can carry out research activities on specific cases with active participation of Petrobangla. Relevant data of such research activities may be shared after one year of data acquisition.

2.3 Newly acquired 2D/3D seismic data, drilling data, core data, wireline log data petrophysical data, well completion reports, testing reports, hydrogeological data etc. may be shared for Research/Thesis/Project/ Intern purpose after 5 (five) years of acquisition subject to the approval from Petrobangla (not applicable for serial no 2.2 above).

2.4 Other Data and reports older than 5 (five) years including structural, stratigraphic, petrophysical, hydrogeological, seismic, gravity, magnetic, drilling, logging. coring, testing, completion etc. may be shared based on the requirement from **(Name of Institute)** subject to the approval from Petrobangla.

2.5 Production data of gas, condensate, water, flowing wellhead pressure (FWHP), reservoir pressure, PVT data, fluid properties, production of coal and hardrock may be shared after six months of data collection by Petrobangla.

2.6 Data/Copy of the reports on feasibility and pre-feasibility studies on geophysical data acquisition, mining and mineral deposits, environmental and socio-environmental data may be shared after 2 (two) years of approval/execution.

**3. Confidentiality and Safety:**

a. Both parties shall maintain confidentiality and secrecy of all the relevant data and reports used for Research/Thesis/Project/Intern purpose and shall not permit any person other than duly authorized representatives of the parties to access the data and keep all information on such data strictly confidential. Both parties shall neither divulge any such information to any third party or agents without written authorization from Petrobangla. **(Name of Institute)** need to sign a "Confidentiality and Safety Bond" before taking any Data or Reports and submit it to Petrobangla, the format of which is attached in Annexture-4.

b. No publication can be made in journals home and abroad or internet without written permission from Petrobangla.

**4. Authorities and Policies:**

4.1 Both Parties agree to designate the Chief Executive of the respective organization to oversee and facile implementation of this agreement.

4.2 This MoU will be identified as the parent document of any future agreement executed between the Parties. Further agreements concerning any program will provide details concerning the specific commitments made by each Party and will not become effective until they have been reduced to writing and executed by the duly authorized representatives of both Parties.

**5. Financial Commitments:**

This MoU is non-profitable agreement and hence, does not constitute any commitment on the part of the Parties for financial support. If appropriate, for specific projects of mutual interest, agreement must be fully described and be subjected to ordinary budgetary and administrative procedures as per rules and regulations of Petrobangla.

**6. Intellectual Property and Publication Rights:**

Joint Research/Thesis/Project/Intern conducted in the **(Name of Institute)** or in the Petrobangla with active participation and/collaboration of Petrobangla (in terms of data, sample and manpower) will be documented as Report/Thesis, copy of which will have to be submitted to Petrobangla.

The results of the research may be published in journals home and abroad or internet including authorships from both the Parties acknowledging the contribution of respective Parties subject to written permission from Petrobangla.

**7. Tenure and Termination:**

7.1 This MoU becomes effective and remains valid for a period of 05 (five) years from the date of signing by the authorities of both the Parties. It may be extended or amended by mutual agreement of the Parties. It may be renewed every 05 (five) years without change on this date unless one Party gives notice 06 (six) months in advance that it wishes to terminate the agreement.

7.2 This MoU may, at any time during its period of validity, be terminated by one of the Party upon prior notice to the other in writing not later than 06 (six) months before the termination date. Termination will be without penalty. If this agreement is validly terminated, neither organization shall be liable to reimburse each other for any monetary or other losses that may result. The termination shall not affect the validity, duration, or completion of projects under this MoU that were initiated prior to such termination.

**8. Agreement:**

8.1 The intention of the parties is that the terms of the agreement are not enforceable in a court of law. Further, nothing in this MoU binds either of the Parties to enter into any future agreements in relation to its subject matter, if they consider that entering into such agreement would be inconsistent with their requirements. Nothing in this agreement constitutes the member of any Party as employees of the other and they expressly deny the existence of such a relationship.

8.2 Should there be a dispute relating to any aspect of academic cooperation, Chief Executive of the respective organization will jointly resolve the dispute in a spirit of independence, mutual respect and shared responsibility.

**9. Approving Signatures:**

In Witness hereof, **(Name of Institute)** and Petrobangla have signed this Memorendum of Understanding (MoU) on the Date first herein stated above.

| **On behalf of (Name of Institute)** | **On behalf of Petrobangla:** |
|---|---|
| **Sign:** | **Sign:** |
| **Name:** | **Name:** |
| **Designation:** | **Designation:** |
| **Witness Name:** | **Witness Name:** |
| **Witness Sign:** | **Witness Sign:** |

**সংযুক্তি ২**

**গবেষণা প্রস্তাব দাখিলের নির্ধারিত নমুনা**

**(ক) গবেষণা বিষয়ক তথ্যসমূহ:**

১. প্রস্তাবিত গবেষণার শিরোনাম:

২. গবেষণাকর্মের পটভূমি:

৩. গবেষণার উদ্দেশ্য:

৪. গবেষণা পদ্ধতি:

৫. গবেষণার প্রত্যাশিত ফলাফল:

৬. জাতীয় ক্ষেত্রে গবেষণার প্রভাব:

৭. গবেষণার সময়সীমা:

**(খ) আর্থিক তথ্যসমূহ:**

১ গবেষণা কার্যে প্রয়োজনীয় মালামালের (হার্ডওয়্যার ও সফটওয়্যার) নাম, পরিমাণ ও সম্ভাব্য ব্যয়:

২. ফিল্ড ভিজিট/ডাটা সংগ্রহের উদ্দেশ্যে সম্ভাব্য ব্যয়:

৩. পেপার ক্রয়, টাইপিং, ড্রাফটিং ও বাইন্ডিং উদ্দেশ্যে সম্ভাব্য ব্যয়:

৪. গবেষণা কার্যে নিয়োজিত গবেষক/গবেষণা দলের সম্মানী বাবদ সম্ভাব্য ব্যয়:

৫. বিবিধ ব্যয়:

**(গ) গবেষক/গবেষণা দলের ব্যক্তিগত তথ্যসমূহ:**

১. গবেষকের নাম: প্রধান ও সহযোগী গবেষক সকলের জন্য প্রযোজ্য

২. বর্তমান ঠিকানা:

৩. স্থায়ী ঠিকানা:

৪. বর্তমান কর্মস্থল (পদবিসহ):

৫. শিক্ষাগত যোগ্যতা:

৬. পূর্ববর্তী গবেষণার বর্ণনাসহ জীবন বৃত্তান্ত:

৭. মোবাইল নম্বর:

৮. ই মেইল:

**সংযুক্তি ৩**

**অঙ্গীকারনামা**

আমি/আমরা এই মর্মে প্রত্যয়ন করছি যে,

১. অর্থায়নের জন্য এই গবেষণা প্রস্তাব পূর্বে অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠান/ইন্সটিটিউট এর নিকট দাখিল করা হয়নি।

২. প্রস্তাবিত গবেষণাটি সম্পূর্ণ মৌলিক এবং ইতঃপূর্বে উক্ত গবেষণা কর্মের কোন ডুপ্লিকেট প্রকাশিত হয়নি।

৩. প্রস্তাবিত গবেষণা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে পেট্রোবাংলা কর্তৃক আরোপিত সকল শর্তাবলি আমি/আমরা মেনে চলার সম্মতি জ্ঞাপন করছি।

৪. কোন কারণে গবেষণা কর্মের প্রধান গবেষক যদি গবেষণা কাজ ত্যাগ করেন বা তার প্রতিষ্ঠান ত্যাগ করেন তাহলে সহকারী গবেষক (গণ) গবেষণা কর্মটি চালিয়ে যাবেন মর্মে নিশ্চয়তা প্রদান করছি।

৫. গবেষণাকর্ম চলাকালীন কিংবা গবেষণালব্ধ ফলাফলে কোন আইনি জটিলতা তৈরি হলে পেট্রোবাংলা দায়ী থাকবে না মর্মে নিশ্চয়তা প্রদান করছি।

উপরে বর্ণিত অঙ্গীকারনামা আমি/আমরা পড়েছি ও বুঝেছি এবং পেট্রোবাংলা নির্ধারিত 'গবেষণা প্রস্তাব দাখিলের নির্ধারিত নমুনা' এ আমার/আমাদের দেওয়া সকল তথ্য সঠিক। এর কোনরূপ ব্যত্যয় হলে আমার/আমাদের গবেষণা মঞ্জুরি বাতিল এবং মঞ্জুরিকৃত অর্থ আদায়সহ আমার/আমাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

| | | |
|---|---|---|
| ১। প্রধান গবেষকের নাম, স্বাক্ষর ও সিলমোহর<br><br><br>মোবাইল নম্বর<br>তারিখ | ২। সহযোগী গবেষকের নাম, স্বাক্ষর ও সিলমোহর<br><br><br>মোবাইল নম্বর<br>তারিখ | ৩। সহযোগী গবেষকের নাম, স্বাক্ষর ও সিলমোহর<br><br><br>মোবাইল নম্বর<br>তারিখ |

**Annexture-4**

**Name of Institute**

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd